# উপজেলা পরিষদ কার্যালয়
# সিলেট সদর, সিলেট।

সিলেট সদর উপজেলার ৫ম পরিষদের ৩৩ তম মাসিক সাধারণ সভার কার্যবিবরণীঃ-

সভাপতি : জনাব আশফাক আহমদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিলেট সদর, সিলেট।

তারিখ : ১৩-০১-২০২২ খ্রিঃ।

সময় : সকাল ১০.০০ ঘটিকায়।

সভায় উপস্থিতি ও অনুপস্থিতি ঃ পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

সভায় সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার শুরু করেন। সভার শুরুতে তিনি সবাইকে ইংরেজী নববর্ষের শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন।অতঃপর বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমিক নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | বিগত সভার কার্যবিবরণি পাঠ ও অনুমোদন। | উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণি সভায় পাঠ করে শুনান। বিগত সভার কার্যবিবরণির বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | বিগত সভার কার্যবিবরণিতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় এবং দৃঢ়ীকরণ করা হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |
| ০২ | বিভাগীয় অগ্রগতি পর্যালোচনাঃ- | | | |
| স্বাস্থ্য বিভাগ | আলোচনাকালে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা বলেন, সারাদেশে উপজেলা পর্যায়ে ভ্যাকসিন প্রদান কার্যক্রম সন্তষ জনক । এখন খুব গুরুত্ব সহকারে ১২-১৮ বছরের ছাত্র/ছাত্রীদের ১ম ডোজ ভ্যাকসিন প্রদান কার্যক্রম চলমান । সিলেট বিমান বন্দরে রেপিড টেস্ট কার্যক্রম চলমান । তিনি সবাইকে করোনার দ্বিতীয় ধাপ ওমিক্রন প্রতিরোধে সরকারের সকল বিধি নিষেধ মেনে চলার জন্য সকলে অনুরোধ জানান । ঘরের বাহিরে গেলে অবশ্যই মাস্ক ব্যবহার করতে হবে । জনগনকে টিকা গ্রহনে উৎসাহিত করার অনুরোধ জানান ।<br>উপজেলা নির্বাহী অফিসার, সদর, সিলেট মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রকাশিত ১১ ধপা নির্দেশনা পাঠ করে শুনান, তিনি প্রতিটি ইউনিয়নে মাইকিং এবং নামাজের আগে অথবা পরে মাইকিং করার জন্য সকল ইউপি চেয়ারম্যানকে অনুরোধ জানান ।<br>চেয়ারম্যান ৭নং মোগলগাঁও বলেন, স্কুল কলেজের ছাত্র/ছাত্রীদের টিকা দেওয়া হচ্ছে ভালো কিন্তু টিকা প্রদানের জন্য যে সকল স্থান নির্ধারণ করা হয়েছে তা অনেক স্কুল থেকে দূরে । স্থান নির্ধারণের ক্ষেত্রে জনপ্রতিনিধিদের সাথে আলাপ করলে এরকম হতো না ।<br>চেয়ারম্যান ৪নং খাদিমপাড়া জানান চিঠি পাওয়া মাত্র তার ইউনিয়নে মাইকিং করা হয়েছে ।<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা বলেন, সদর উপজেলায় ২৩৭ টি কিণ্ডার গার্ডেন স্কুল আছে এসব স্কুলের ছাত্রছাত্রী ভ্যাকসিনের আওতায় নাই । এসব তালিকা জেলা শিক্ষা অফিসারের মাধ্যমে সিভিল সার্জন, সিলেট বরাবর প্রেরণ করা হয়েছে । | ১.১)বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে, মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রাপ্ত নির্দেশনা মেনে চলতে হবে, এলাকায় মাইকিং করতে হবে এবং নামাজের আযানের আগে অথবা পরে মাইকিং করতে হবে ।<br><br>১.২ মোগলগাঁও ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান এর সাথে আলাপ করে সুবিধা জনক স্থানে কেন্দ্র স্থাপন করতে হবে ।জনগনকে টিকা গ্রহণে উৎসাহিত করতে হবে এবং স্বাস্থ্য বিধি মেনে চলতে হবে ।<br>১.৩ সদর উপজেলা কিণ্ডার গার্ডেনের ছাত্র/ছাত্রীদের তালিকা যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সিভিল সার্জন, সিলেট বরাবর প্রেরণ করতে হবে । | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল, সিলেট সদর, সিলেট । |
| স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ | আলোচনাকালে উপজেলা প্রকৌশলী, সিলেট সদর বলেন, ২০২১-২২ অর্থ বছরে সিলেট সদর উপজেলা পরিষদের বার্ষিক উন্নয়ন কর্মসূচী ও উন্নয়ন তহবিল (নিজস্ব) এর অর্থ বিভাজন করে দেওয়া হয়েছে, শুধুমাত্র হাটখোলা ও কান্দিগাঁও ইউনিয়নের তালিকা পাওয়া গেছে। | ১.১। সভা চলাকালে সকল চেয়ারম্যানবৃন্দ সভা বয়কট করায় কোন সিদ্ধান্ত গৃহীত হয় নাই। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ |

| | | | |
|---|---|---|---|
| | আলোচনাকালে ৭নং মোগলগাঁও ইউপি চেয়ারম্যান এডিপি ও উন্নয়ন তহবিলের বিভাজন সঠিক হয়নি বলে জানান । তিনি পুনরায় বন্টনের জন্য প্রস্তাব করেন ।<br><br>৩নং খাদিমনগর চেয়ারম্যান বলেন, আমারা কিছু ইউপি চেয়ারম্যানগন উপজেলা চেয়ারম্যানের সাথে বসেছিলাম। টুকেরবাজার ইউপি চেয়ারম্যান খাদিমপাড়া, টুকেরবাজারের কিছু অংশ সিটি কর্পোরেশনের অর্ন্তভূক্ত হওয়ায় এইসব এলাকার বরাদ্ধ উপজেলা চেয়ারম্যানের মাধ্যমে প্রকল্প গ্রহনের প্রস্তাব করেন কিন্তু সকল ইউপি চেয়ারম্যান উপস্থিত না থাকায় এ বিষয়ে চুড়ান্ত সিদ্ধান্ত গৃহীত হয়নি এখন আলোচনার মাধ্যমে সিদ্ধান্ত গ্রহন করা যায় ।<br><br>৪নং খাদিমপাড়া ইউপি চেয়ারম্যান বলেন, খাদিমপাড়া ইউনিয়নের যে সকল এলাকা সিটি কর্পোরেশনের অর্ন্তভূক্ত হয়েছে সেসকল এলাকার জনগনকে সকল নাগরিক সুবিধা প্রদান করা হচ্ছে তাহলে উন্নয়ন প্রকল্পের ক্ষেত্রে বিধিনিষেধ কেন । তিনি এজন্য সভা বয়কট করেন এবং সকল ইউপি চেয়ারম্যানকে সভা বয়কটের জন্য বলেন,অত:পর একে একে সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান সভা চলাকালে রুম থেকে বের হয়ে যান ।<br><br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিলেট সদর, সিলেট বলেন কোন সমস্যা থাকলে এক অন্যের সাথে আলোচনা করে সমাধান যায় কিন্তু দুই একজন বেড়িয়ে যাওয়ার পর বাকীদের ডেকে ডেকে নিয়ে যাওয়া সৃষ্টাচার বহি:ভূত । | | উপজেলা প্রকৌশলী/সিলেট সদর, সিলেট । |
| মাধ্যমিক শিক্ষা বিভাগ | আলোচনাকালে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে । তিনি উপজেলা পরিষদের পক্ষ থেকে মাধ্যমিক শিক্ষা অফিসের জন্য একটি মাল্টিমিডিয়া প্রজেক্টর প্রদানের প্রস্তাব করেন । | ১.১) বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে । সভা চলাকালে সকল চেয়ারম্যানবৃন্দ সভা বয়কট করায় কোন সিদ্ধান্ত গৃহীত হয় নাই। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল । |
| প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট সভায় জানান সদর উপজেলা প্রতিটি স্কুল ও কিন্ডার গার্ডেনে শতভাগ বই বিতরণ সম্পন্ন এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ১.১) বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা শিক্ষা কর্মকর্তা/ইউপি চেয়ারম্যান (সকল) |
| দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট জানান চলতি ২০২১-২২ অর্থবছরেও ১ম কিস্তির গ্রামীন অবকাঠামো রক্ষনাবেক্ষন (টি,আর) এবং গ্রামীন অবকাঠামো সংস্কার (কাবিখা ও কাবিটা) এর জনসংখ্যা ও আয়তনের ভিত্তিতে বরাদ্দ বিভাজনের আলোকে প্রকল্প তালিকা উর্দ্ধতন কর্তৃপক্ষের অনুমোদন পাওয়া গেছে এবং কার্যক্রম চলমান। ২য় কিস্তির বরাদ্দ পাওয়া গেছে দ্রুত বিভাজন করা যেতে পারে । এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ১.১ বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা/ ইউপি চেয়ারম্যান (সকল) |
| পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সিলেট সদর , সিলেট জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। । | ১.১) বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট । |
| কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা, সিলেট সদর, সিলেট জানান, আমন ধান সংগ্রহ কার্যক্রম চলমান আছে এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১.১। বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে । | উপজেলা কৃষি কর্মকর্তা, সিলেট সদর, সিলেট |

| | | | |
|---|---|---|---|
| | স্বাভাবিকভাবে চলছে। | | সদর, সিলেট |
| মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা, সিলেট সদর, সিলেট জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১.১) বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা, সিলেট সদর, সিলেট । |
| প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সিলেট সদর, সিলেট জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ১.১)বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সিলেট সদর, সিলেট । |
| সমাজ সেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট সিলেট জানান সমাজসেবা বিভাগের আওতায় সুদ মুক্ত ঋণ প্রদান ও গ্রহন কার্যক্রম চলমান আছে । এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১.১) বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট । |
| মহিলা বিষয়ক বিভাগ | উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, সিলেট সভায় উপস্থিত না থাকায় এ বিভাগ সম্পর্কে অবহিত হওয়া যায় নি । | ১.১) বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা সাফল্যের সাথে অব্যাহত রাখতে হবে। | উপ-পরিচালক, জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, সিলেট । |
| জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), সিলেট সদর, সিলেট জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে । | ১.১) বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য/ ইউপি চেয়ারম্যান (সকল) |
| পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১.১) বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা সাফল্যের সাথে অব্যাহত রাখতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট । |
| খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, সিলেট সদর, সিলেট জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১.১) বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, সিলেট সদর, সিলেট । |
| (আমার বাড়ি আমার খামার প্রকল্প) | উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার, সিলেট সদর, সিলেট সভায় উপস্থিত না থাকায় এ বিভাগ সম্পর্কে অবহিত হওয়া যায় নি। | ১.১। বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমন্বয়কারী, আবাআকা প্রকল্প |
| বন বিভাগ | বন কর্মকর্তা, উপজেলা বন বিভাগ, সিলেট সদর, সিলেট সভায় উপস্থিত না থাকায় এ বিভাগ সম্পর্কে অবহিত হওয়া যায় নি। | ১.১। বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা বন কর্মকর্তা |
| যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ১.১)বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সদর, সিলেট । |
| উপজেলা নির্বাচন অফিস | উপজেলা নির্বাচন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১.১)বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে | উপজেলা নির্বাচন কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল । |
| ৩ কমিটির সুপারিশ পর্যালোচনা | আলোচনাকালে ভাইস চেয়ারম্যান, সিলেট সদর, সিলেট উপজেলা কমিটিগুলো সক্রিয় করার জন্য সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের দৃষ্টি আকর্ষন করেন । তিনি আগামীতে যাবতীয় উন্নয়ন প্রকল্প প্রস্তাব কমিটির মাধ্যমে মাসিক সভায় উপস্থাপনের ও বাস্তবায়নের প্রস্তাব করেন । | ১.১) উপজেলা পরিষদের ১৭ টি কমিটির নিয়মিত দ্বি মাসিক সভা আহবান করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সভাপতি ও সদস্য সচিব, সংশ্লিষ্ট কমিটি, সিলেট সদর, সিলেট। |
| ৪ ।নতুন সার্কুলার, প্রজ্ঞাপন | নতুন সার্কুলার, প্রজ্ঞাপন, বিধি অগ্রগতির বিষয়ে আলোচনাকালে নতুন কোন প্রজ্ঞাপন, বিধি না থাকায় এ বিষয়ে কোন আলোচনা হয়নি । | ১.১ নতুন সার্কুলার, প্রজ্ঞাপন, বিধি অগ্রগতির বিষয়ে আলোচনাকালে নতুন কোন প্রজ্ঞাপন, বিধি না থাকায় এ বিষয়ে কোন সিদ্ধান্ত গৃহীত হয়নি । | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার, সিলেট সদর, সিলেট । |

<table>
<tr><td>৫। মাননীয় উপদেষ্টার পরামর্শে</td><td>মাননীয় উপদেষ্টার নতুন কোন পরামর্শ না থাকায় এ বিষয়ে আলোচনা বা সিদ্ধান্ত গৃহীত হয়নি ।</td><td>মাননীয় উপদেষ্টার নতুন কোন পরামর্শ না থাকায় এ বিষয়ে আলোচনা বা সিদ্ধান্ত গৃহীত হয়নি ।</td><td></td></tr>
<tr><td>৬। নিয়মিত রাজস্ব ব্যয়</td><td>চলতি মাসে কোন রাজস্ব ব্যয় নাই ।</td><td rowspan="2">১.১)বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে</td><td rowspan="2">সংশ্লিষ্ট সকল, সিলেট সদর, সিলেট ।</td></tr>
<tr><td>৭। উপজেলা পরিচলন ও উন্নয়ন প্রকল্প</td><td>ইউডিএফ, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, সিলেট সদর, সিলেট জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে ।</td></tr>
<tr><td>৮। জন্ম ও মৃত্যু নিবন্ধন</td><td>
<table>
<tr><td rowspan="2">ইউনিয়নের নাম</td><td colspan="2">জন্ম ও মৃত্যুর ৪৫ দিনের মধ্যে নিবন্ধন</td><td rowspan="2">মন্তব্য</td></tr>
<tr><td>জন্ম</td><td>মৃত্যু</td></tr>
<tr><td>জালালাবাদ</td><td>১৭</td><td>২</td><td></td></tr>
<tr><td>হাটখোলা</td><td>৯</td><td>২</td><td></td></tr>
<tr><td>খাদিমনগর</td><td>২২</td><td>১১</td><td></td></tr>
<tr><td>খাদিমপাড়া</td><td>১৮</td><td>৭</td><td></td></tr>
<tr><td>টুকেরবাজার</td><td>১৮</td><td>৮</td><td></td></tr>
<tr><td>মোগলগাঁও</td><td>২৪</td><td>--</td><td></td></tr>
<tr><td>কান্দিগাঁও</td><td>--</td><td>--</td><td></td></tr>
</table>
</td><td>১.১ বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং লক্ষ্যমাত্রা অর্জনে সংশ্লিষ্ট সকলে নিজ নিজ দায়িত্ব গুরুত্ব সহকারে পালন করতে হবে ।</td><td>চেয়ারম্যান (সকল) ইউনিয়ন পরিষদ ও সংশ্লিষ্ট সকল, সিলেট সদর, সিলেট ।</td></tr>
<tr><td>০৯। বিবিধ</td><td>ক। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিলেট সদর, সিলেট তাহার জুলাই/২০ হতে ডিসেম্বর/২০ খ্রি: মাস পর্যন্ত সময়ের ভ্রমনবিবরনী ও বিল সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করেন ।</td><td>ক। সভায় সর্বসম্মতিক্রমে উপস্থাপিত ভ্রমন বিবরণী ও বিল অনুমোদিত হয় ।</td><td>চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার, সিলেট সদর, সিলেট ।</td></tr>
</table>

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন ।

আশফাক আহমদ
সভাপতি
ও
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
সিলেট সদর, সিলেট ।
তারিখ: ২৭/ ০১/ ২০২২ খ্রিঃ।

স্মারক নং:-৪৬.৪৫.৯১৬২.০০০.০২.০০১.১৯. ০৪ (৫০)
অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো ।

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় ।
২। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট ।
৩। জেলা প্রশাসক, সিলেট ।
৪। মাননীয় পররাষ্ট্র মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব ।মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য ।
৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিলেট সদর, সিলেট ।
৬। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিলেট সদর, সিলেট ।
৭। উপজেলা ----------------------------------কর্মকর্তা (সংশ্লিষ্ট সকল), সিলেট সদর, সিলেট ।
৭। উপজেলা ----------------------------------ইউ/পি (সকল) সিলেট সদর, সিলেট ।
৮। চেয়ারম্যান,--------------------------------------------------
৯। জনাব/বেগম,-----------------সিলেট সদর, সিলেট ।
১০। অফিস নথি।

মোছা: তাহমিনা আক্তার
উপজেলা নির্বাহী অফিসার
সিলেট সদর, সিলেট ।

সিলেট সদর উপজেলা পরিষদের ৩৩ তম মাসিক সাধারণ সভায় উপস্থিতি স্বাক্ষর :- জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয় । ১৩/০১/২০২২

| ক্রমিক নং | নাম | পদবী/ঠিকানা | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | মিল্লাত আহমদ চৌধুরী | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিলেট সদর, সিলেট । | |
| ০২ | মোছা: শামীমা আক্তার | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিলেট সদর, সিলেট । | |
| ০৩ | মোহাম্মদ ওবায়দুল্লাহ - ইসহাক | চেয়ারম্যান, ১নং জালালাবাদ ইউপি, সিলেট সদর, সিলেট । | |
| ০৪ | রাফিকুজ্জামান | চেয়ারম্যান ২নং হাটখোলা ইউপি, সিলেট সদর, সিলেট । | |
| ০৫ | দিলোয়ার হোসেন | চেয়ারম্যান, ৩নং খাদিমনগর ইউপি, সিলেট সদর, সিলেট । | |
| ০৬ | আফছর আহমদ | চেয়ারম্যান, ৪নং খাদিমপাড়া ইউপি, সিলেট সদর, সিলেট । | |
| ০৭ | আলহাজ্ব শহিদ আহমদ | চেয়ারম্যান, ৬নং টুকেরবাজার ইউপি, সিলেট সদর, সিলেট । | |
| ০৮ | হিরণ মিয়া | চেয়ারম্যান, ৭নং মোগলগাঁও ইউপি, সিলেট সদর, সিলেট । | |
| ০৯ | মো: আব্দুল মনাফ | চেয়ারম্যান, ৮নং কান্দিগাঁও ইউপি, সিলেট সদর, সিলেট । | |
| ১০ | মোছা: শিরিন আক্তার | সংরক্ষিত মহিলা সদস্য...আসন-০২, উপজেলা পরিষদ, সিলেট সদর, সিলেট। | |
| ১১ | মোছা: লাভলী বেগম | সংরক্ষিত মহিলা সদস্য...আসন-০৩, উপজেলা পরিষদ, সিলেট সদর, সিলেট। | |
| ১২ | মঙ্গলা রানী সূত্রধর | সংরক্ষিত মহিলা সদস্য...আসন-০১, উপজেলা পরিষদ, সিলেট সদর, সিলেট। | |
| ১৩ | শিরিন আক্তার | উপজেলা কৃষি অফিসার, সিলেট সদর, সিলেট । | |
| ১৪ | মো: নুরুল ইসলাম | উপজেলা প্রানিসম্পদ কর্মকর্তা, সিলেট সদর, সিলেট । | |
| ১৫ | দ্বিজরাজ বর্মন | উপজেলা সিনিয়র মৎস অফিসার, সিলেট সদর, সিলেট । | |
| ১৬ | আবুল মনসুর আসজাদ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট । | |
| ১৭ | ডা: আহমদ সিরাজুম মুণীর | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট । | |
| ১৮ | শাহিনা আক্তার | জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (দায়িত্বে সিলেট সদর), সিলেট । | |
| ১৯ | মুহাম্মদ হিরণ | উপজেলা প্রকল্প বাস্তাবায়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট । | |
| ২০ | মো: সাঈফুল আজম | উপজেলা প্রকৌশলী, সিলেট সদর, সিলেট । | |
| ২১ | গোলাম রাব্বানী মজুমদার | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সিলেট সদর, সিলেট । | |
| ২২ | মো: আব্দুল জলিল তালুকদার | উপজেলা শিক্ষা অফিসার, সিলেট সদর, সিলেট । | |
| ২৩ | নুসরাত-এ-ইলাহী | উপজেলা সমাজসেবা অফিসার, সিলেট সদর, সিলেট । | |
| ২৪ | নজরুল ইসলাম | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, সিলেট সদর, সিলেট । | |
| ২৫ | মোহাম্মদ মনির হোসেন | উপজেলা সমবায় কর্মকর্তা, সিলেট সদর, সিলেট । | |
| ২৬ | মোহাম্মদ লায়েছ মিয়া তালুকদার | সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য), সিলেট সদর, সিলেট । | |
| ২৭ | মো: আব্দুল আওয়াল হোসেন | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট । | |
| ২৮ | [illegible] | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, সিলেট সদর, সিলেট । | |
| ২৯ | | শাখা ব্যাবস্থাপক ও উপজেলা সমন্বয়কারী, আবাআখা প্রকল্প, সদর, সিলেট । | |
| ৩০ | রাজীব কুমার দাস | ইউডিএফ, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, সিলেট সদর, সিলেট । | |
| ৩১ | মরিয়ম আক্তার | তথ্য সেবা কর্মকর্তা,, সিলেট সদর, সিলেট । | |
| ৩২ | মোহাম্মদ এমদাদুল হক | উপজেলা নির্বাচন অফিসার , সিলেট সদর, সিলেট । | |